



চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

ক্রম	পদের নাম ও বেতন	চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) ১,১৩,০০০-১,৪৮,৮০০/-	(ক) প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় প্রশাসন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সমমানের গ্রেড থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ে প্রথম শ্রেণি/সমমানের গ্রেড প্রাপ্ত এবং পরিকল্পনা, প্রকল্প প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা, উন্নয়ন ও সংশ্লিষ্ট বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্ত এবং ইঞ্জিনিয়ারিং (সিভিল/মেকানিক্যাল) ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (খ) প্রকল্প প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা, পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/পাবলিক বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি (৯ম গ্রেড) বা সমমানের কর্মকর্তা ও তদুর্ধ্ব পদে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতাসহ চাকুরি থেকে অবসরপ্রাপ্ত হতে হবে। তন্মধ্যে উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বা সমমানের পদে ৫ বছরের অভিজ্ঞতা/সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার বা সমমানের পদে ৩ বছরের অভিজ্ঞতা/সরকারি প্রকল্প পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (গ) নিয়োগের জন্য প্রার্থীকে সিভিল সার্জন কর্তৃক সংশ্লিষ্ট পদে কাজ করার মতো শারীরিক ও মানসিক সুস্থতার সনদ সংশ্লিষ্ট নিয়োগ কমিটির নিকট প্রদর্শন করিতে হইবে। (ঘ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত কর্মচারীকে নিয়োগ প্রদান করা হইলে এ সংক্রান্ত সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪৯ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারী অবসর-উত্তর ছুটি ভোগকৃত থাকিলে, উক্ত ছুটি স্থগিত থাকিবে এবং চুক্তিভিত্তিক নিয়োগ সমাপ্তির পর উক্ত অবশিষ্ট অবসর-উত্তর ছুটি ও তদসংশ্লিষ্ট সুবিধা ভোগ করা যাইবে। (ঙ) চুক্তিভিত্তিক নিয়োগকাল প্রাথমিকভাবে সর্বোচ্চ দুই বছর হইবে।

আবেদনের শর্তাবলী:

- উপরোক্ত পদে আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে সহস্বে/কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে হবে।
- উপরোক্ত পদে আগামী ১২ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়) রেজিস্ট্রার বরাবর আবেদনকারীর ০৯ সেট আবেদনপত্র A4 সাইজ খামে সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। প্রতি সেট আবেদনপত্রের সঙ্গে (ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ঘ) অভিজ্ঞতা সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং (ঙ) বায়োডাটা সংযুক্ত করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদের নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) উপরোক্ত পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকার অনলাইনে জমা প্রদানপূর্বক মূল রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।
- কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশের পরিবর্তন/পরিবর্ধন বা সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা রাখে।
- আবেদন বিবেচনা এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(স্বাক্ষর)

৮. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
৯. নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারি নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪